

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইন অধিশাখা।

নং-৩৫.০১৬.০০৪.০০.০০.০০৪.২০১২(অংশ-১)-৬১২

তারিখঃ

০৯ পৌষ ১৪২৬
২৪ ডিসেম্বর ২০১৯

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিস্থাপিত করার নিমিত্ত সুপ্রীম কোর্ট বিভাগ/হাইকোর্ট বিভাগের জন্য ০৫ জন, সিভিল আদালতের জন্য ০৩ এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য ০১ জন প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আত্মপ্রী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১।	আবেদনকারীর নাম, পিতা/স্বামী/মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত
২।	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে
৩।	আবেদনের সাথে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রজিন ছবি দিতে হবে
৪।	আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি ও এলএলবিসহ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি দিতে হবে
৫।	বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্যের সনদ/সংশ্লিষ্ট বারের সদস্যের সনদ /পেশাগত সনদ এবং অভিজ্ঞতার সনদপত্রের কপি দিতে হবে
৬।	সুপ্রীম কোর্ট বিভাগ/হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে
৭।	দেওয়ানী আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে
৮।	মামলা পরিচালনার জন্য সরকার নির্ধারিত ফি প্রদান করা হবে
৯।	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে
১০।	আবেদনকারীর বয়স ৬০ বৎসরের অধিক হতে পারবে না
১১।	২ বৎসরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে
১২।	যে আদালতের জন্য আবেদন করবেন সেই আদালতের নাম খামের উপরে এবং আবেদনে উল্লেখ করতে হবে
১৩।	কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে সে ক্ষেত্রে ৩০(ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে
১৪।	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৫।	আগামী ১৫.০১.২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে যুগ্মসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ভবন নম্বর-৭, কক্ষ নম্বর-৮১৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে

২৪/১২/১৯
(মোঃ আবদুর রৌফ খান)
যুগ্ম সচিব(আইন)
ফোনঃ ৯৫৮৪১২৭